রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৯, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-৪

## প্রজ্ঞাপন

তারিখ, ১২ই ভাদ্র ১৪০৯/২৭শে আগস্ট ২০০২

এস, আর, ও নং ২৩৭-আইন/২০০২/অম/অসবি-৪/০৯/২০০২/১৪৩(ষ্ট্যাম্প)/২০০২—Stamp Act, 1899 (II of 1899) এর section II A এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত Act এর section 75 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **বিধিমালার নাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা বীমা পলিসির উপর প্রদেয় ষ্ট্যাম্প শুল্ক পরিশোধ বিধিমালা, ২০০২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৭ ভাদ্র, ১৪০৯ বঙ্গাব্দ মোতাবেক ১ সেপ্টেম্বর, ২০০২ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "ট্রেজারী কর্মকর্তা" অর্থে সরকারের ট্রেজারী দায়িত্ব পালনকারী বাংলাদেশ ব্যাংক বা কোন তফসিলি ব্যাংকের কর্মকর্তাও অন্তর্ভুক্ত

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;


মূল্য ঃ টাকা ২.০০

(গ) "প্রধান বীমা নিয়ন্ত্রক" অর্থ Insurance Act, 1938 (Act IV of 1938) এর section 2(5B) এ সংজ্ঞায়িত Chief Controller of Insurance;

(ঘ) "বীমাকারী প্রতিষ্ঠান" অর্থ Insurance Act, 1938 (Act IV of 1938) এর section 2(9) এ সংজ্ঞায়িত Insurer;

(ঙ) "ষ্ট্যাম্প শুল্ক" অর্থ Stamp Act, 1899 (II of 1899) এর অধীন বীমা পলিসির উপর প্রদেয় ষ্ট্যাম্প শুল্ক।

৩। **বীমা পলিসির উপর ষ্ট্যাম্প শুল্ক পরিশোধের পদ্ধতি।**—(১) কোন বীমা পলিসির উপর পলিসি ভিত্তিক ষ্ট্যাম্প শুল্কের পরিমাণ অনধিক ২০০০/-(দুই হাজার) টাকা হইলে উহার ষ্ট্যাম্প শুল্ক বীমা ষ্ট্যাম্পের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(২) কোন বীমা পলিসির উপর পলিসিভিত্তিক ষ্ট্যাম্প শুল্কের পরিমাণ ২০০০/-(দুই হাজার) টাকার অধিক হইলে সম্পূর্ণ ষ্ট্যাম্প শুল্ক "১-১১০১-০০২০-১৩০১-বীমা ষ্ট্যাম্প শুল্ক" খাতের অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রদেয় ষ্ট্যাম্প সংশ্লিষ্ট বীমা পলিসি চুক্তিতে লাগাইতে হইবে এবং লাগাইবার পর বীমাকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উক্ত ষ্ট্যাম্পের উপর দস্তখত করিতে হইবে এবং উহার মাঝ বরাবর ফুটা (Punch) করিয়া দিতে হইবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন ষ্ট্যাম্প শুল্ক পরিশোধের জন্য বীমাকারী প্রতিষ্ঠান প্রয়োজনীয় সংখ্যক বীমা-ষ্ট্যাম্প ট্রেজারী চালানের মাধ্যমে সরাসরি ট্রেজারী হইতে সংগ্রহ করিবে এবং বিভিন্ন বীমা পলিসির উপর পরিশোধকৃত ষ্ট্যাম্প শুল্কের পরিমাণ, বীমা শুল্ক পরিশোধকারীর নাম, ট্রেজারী চালানের নম্বর ও তারিখ, ট্রেজারী বা ব্যাংকের (শাখার নামসহ) নামসম্বলিত তথ্যাদি তথা বিস্তারিত বিবরণী তফসিল-১ এ নির্ধারিত রেজিস্টারে সংরক্ষণ করিবে।

(৫) উপ-বিধি (২) এর অধীন ষ্ট্যাম্প শুল্ক পরিশোধের জন্য বীমাকারী প্রতিষ্ঠান কর্তৃক ষ্ট্যাম্প শুল্ক পরিশোধের ক্ষেত্রে বীমা পলিসির উপর পরিশোধকৃত ষ্ট্যাম্প শুল্কের পরিমাণ, ষ্ট্যাম্প শুল্ক পরিশোধকারীর নাম, ট্রেজারী চালানের নম্বর ও তারিখ, ট্রেজারী বা ব্যাংকের (শাখার নামসহ) নাম বীমা পলিসি চুক্তির প্রথম পাতার অগ্রভাগে লিপিবদ্ধ করিতে হইবে।

(৬) উপ-বিধি (২) এর অধীন ষ্ট্যাম্প শুল্ক পরিশোধের ক্ষেত্রে বীমাকারী প্রতিষ্ঠান বিভিন্ন বীমা পলিসির উপর পরিশোধকৃত ষ্ট্যাম্প শুল্কের পরিমাণসম্বলিত তথ্যাদি তথা বিস্তারিত বিবরণী তফসিল-২ এ নির্ধারিত রেজিস্টারে সংরক্ষণ করিবে।

(৭) বীমাকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কার্যালয় ষ্ট্যাম্প শুল্ক পরিশোধ সংক্রান্ত ট্রেজারী চালানের সত্যায়িত কপিসহ একটি মাসিক বিবরণী পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর কমিশনার বা ক্ষেত্রমত উপ-কর কমিশনার বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবে এবং ইহার একটি অনুলিপি প্রধান বীমা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন ট্রেজারী চালানের কপি প্রাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট কর কমিশনার বা ক্ষেত্রমত উপ-কর কমিশনার বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা সংশ্লিষ্ট ট্রেজারী বা ব্যাংকের সহিত চালানের সত্যতা যাচাই করিবেন এবং উক্তরূপ সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে যে কোন ধরনের অবহেলার জন্য তিনি দায়ী থাকিবেন।

৪। **প্রতিবেদন**।—সকল কর কমিশনার বা ক্ষেত্রমত উপ-কর কমিশনার বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ষ্ট্যাম্প শুল্ক হইতে প্রাপ্ত আয়ের ত্রৈমাসিক ও বাৎসরিক হিসাব বিবরণীর একটি প্রতিবেদন প্রস্তুত করিয়া পরবর্তী মাসের মধ্যে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড ও প্রধান বীমা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করিবেন এবং একইরূপে প্রধান বীমা নিয়ন্ত্রক ও জাতীয় রাজস্ব বোর্ড ত্রৈমাসিক ও বাৎসরিক হিসাব বিবরণীর একটি প্রতিবেদন প্রস্তুত করিয়া অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

৫। **পরিদর্শন**।—এই বিধিমালা যথাযথ বাস্তবায়নের উদ্দেশ্যে সরকারের নিকট হইতে ক্ষমতা-প্রাপ্ত কর্মকর্তা এবং প্রধান বীমা নিয়ন্ত্রক বা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট বীমাকারী প্রতিষ্ঠানের রেজিস্টার এবং আনুষংগিক দলিলপত্র পরিদর্শন করিতে পারিবেন এবং পরিদর্শনকালে কোন অসংগতি বা অনিয়ম পরিলক্ষিত হইলে উক্তরূপ অসংগতি বা অনিয়ম সম্পর্কে তাৎক্ষণিকভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করিবেন।

তফসিল-১

[বিধি ৩(৪) দ্রষ্টব্য]

রেজিস্টার

| ক্রমিক নং | সর্বমোট ক্রয়কৃত বীমা ষ্ট্যাম্পের মূল্যমান এবং ট্রেজারী চালানের নম্বর ও তারিখ, টাকার পরিমাণ এবং ট্রেজারী বা ব্যাংকের (শাখার নামসহ) নাম | বীমা প্রতিষ্ঠানের নাম | বীমা পলিসির নম্বর ও তারিখ | বীমা গ্রহীতার নাম | বীমা পলিসির মেয়াদকাল | বীমাকৃত টাকার পরিমাণ | বীমা পলিসির প্রিমিয়ামের পরিমাণ | ভ্যাটের টাকার পরিমাণ | ষ্ট্যাম্প শুল্কের পরিমাণ | ব্যবহৃত/ব্যয়িত ষ্ট্যাম্পের মূল্যমান | গচ্ছিত/অবশিষ্ট ষ্ট্যাম্পের মূল্যমান (কলাম ২ হইতে ১১ এর বিয়োগফল লিখিতে হইবে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

তফসিল-১

[বিধি ৩(৬) দ্রষ্টব্য]

রেজিস্টার

| ক্রমিক নং | বীমা প্রতিষ্ঠানের নাম | বীমা পলিসির নম্বর ও তারিখ | বীমা গ্রহীতার নাম | বীমা পলিসির মেয়াদকাল | বীমাকৃত টাকার পরিমাণ | বীমা পলিসির প্রিমিয়ামের পরিমাণ | ভ্যাটের টাকার পরিমাণ | ষ্ট্যাম্প শুল্কের পরিমাণ | ট্রেজারী চালানের নম্বর ও তারিখ, টাকার পরিমাণ এবং ট্রেজারী বা ব্যাংকের (শাখার নামসহ) নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডঃ শোয়েব আহমেদ**
সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।